



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ১২ জানুয়ারি ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়ি বাজার বয়কটের মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত

চলমান পানছড়ি বাজার বয়কটের মেয়াদ আরও এক মাস বাড়ানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে। আজ ১২ জানুয়ারি ২০২৪, শুক্রবার ইউপিডিএফ পানছড়ি উপজেলা ইউনিটের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

উল্লেখ্য বিপুল চাকমা, সুনীল ত্রিপুরা, লিটন চাকমা ও রুহিন ত্রিপুরার হত্যাকারীদের গ্রেফতার ও ঠ্যাঙাড়ে বাহিনী ভেঙে দেয়ার দাবিতে গত ১২ ডিসেম্বর এক মাসের জন্য পানছড়ি বাজার বয়কটের ডাক দেয়া হয়েছিল।

সভায় ক্ষোভ প্রকাশ করে বলা হয়, ঘটনার এক মাস পরও খুনীদের কেবল গ্রেফতার করা হয়নি তাই নয়, তাদেরকে বরং নিরাপদ আশ্রয়ে রাখা হয়েছে এবং তারা বুক ফুলিয়ে খুনের দায় স্বীকার করে ফোন করে আরও অনেককে বিপুলদের মতো মেরে ফেলার হুমকি দিয়ে যাচ্ছে।

এ অবস্থায় বাজার বয়কটের মেয়াদ বৃদ্ধি করা ছাড়া পার্টির অন্য কোন বিকল্প নেই বলে সভায় অভিমত ব্যক্ত করা হয় এবং আগামী ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত উক্ত বয়কট অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়া হয়। দাবি মানা না হলে বয়কটের মেয়াদ আরও বাড়ানো হতে পারে বলেও সভায় উপস্থিত নেতৃবৃন্দ ঐক্যমত্য প্রকাশ করেন।

সাময়িক কিছু অসুবিধা মেনে নিয়ে স্বতঃস্ফূর্তভাবে বয়কটের ডাকে সাড়া দেয়ার জন্য সভায় সাধারণ জনগণকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলা হয়, রাষ্ট্রীয় মদদপুষ্ট ঠ্যাঙাড়ে বাহিনীর সন্ত্রাস থেকে বাঁচতে হলে ঐক্যবদ্ধভাবে সংগ্রাম করা ছাড়া পার্টি ও জনগণের অন্য কোন পথ খোলা নেই।

নেতৃবৃন্দ তাই ন্যায্য দাবি আদায় না হওয়া পর্যন্ত পানছড়ি বাজার বয়কট চালিয়ে যেতে সবার প্রতি উদাত্ত আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।